**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৫/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ২ মার্চ ২০১৭, ১৮ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঘরে ঘরে আলো জ্বালার লক্ষ্য বাস্তবায়নে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী

২। জঙ্গিবাদ থেকে ফিরে আসলে পুনর্বাসন করা হবে : প্রধানমন্ত্রী

৩। মোবাইল ব্যাংকিং-এ শিক্ষাবৃত্তির টাকা বিতরণ কর্মসূচির উদ্বোধন

৪। পাঁচ জেলায় সৌর বিদ্যুৎকেন্দ্র স্থাপনসহ ১১ ক্রয় প্রস্তাব অনুমোদন

৫। হংকংয়ের ভিসা জটিলতা দূর করার আহ্বান বাণিজ্যমন্ত্রীর

৬। ডিজিটাল স্বাস্থ্যসেবা নেটওয়ার্কের আওতায় সারাদেশ : স্বাস্থ্যমন্ত্রী

৭। ধর্মঘট চলাকালে ভাঙচুরের ঘটনায় মামলা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। স্বাস্থ্য ও চিকিৎসা বিষয়ক তিন অ্যাপ উদ্বোধন

৯। ঢাকা-মস্কোর মধ্যে আন্তঃসরকার কমিশন গঠনে চুক্তি স্বাক্ষর

১০। দ্বিতীয় সাবমেরিন কেবল সংযোগের উদ্বোধন ১৫ মার্চের মধ্যে

১১। ধর্মঘট কেন বেআইনি নয় জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি

১২। ৩৮তম বিসিএস থেকে বাংলা ও ইংরেজিতে প্রশ্নপত্র প্রণয়ন

চলমান পাতা-২

১। **ঘরে ঘরে আলো জ্বালার লক্ষ্য বাস্তবায়নে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন দেশের কোনো ঘরেই অন্ধকার থাকবে না। ঘরে ঘরে আলো জ্বালার লক্ষ্য বাস্তবায়ন করছে তার সরকার। গতকাল **১** মার্চ বুধবার গণভবনে ৮টি বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন এবং **১০**টি উপজেলাকে শতভাগ বিদ্যুতায়িত উপজেলা ঘোষণার সময় তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী সাবমেরিন কেবলের ল্যান্ডিং স্টেশন উদ্বোধন করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১) **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **সমকাল, প্রথম আলো, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **জঙ্গিবাদ থেকে ফিরে আসলে পুনর্বাসন করা হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিপথগামী জঙ্গি সদস্যরা জঙ্গিবাদের পথ থেকে ফিরে আসলে তাদের আইনি সহায়তাসহ পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। গতকাল **১** মার্চ বুধবার দশম জাতীয় সংসদের **১৪**তম অধিবেশনের ২৫তম কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাসী ও জঙ্গি কর্মকাণ্ড তাৎক্ষণিকভাবে মোকাবিলার জন্য একটি যুগোপযোগী স্ট্যান্ডার্ড অপারেটিং প্রডাক্ট (এসওপি) তৈরি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর 'জিরো টলারেন্স' নীতির ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করায় জঙ্গি দমনে বিশ্বে বাংলাদেশ এখন রোল মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। এ সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে সরকার নতুন নতুন কর্মপরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন করবে। এর অংশ হিসেবে জঙ্গি সংগঠনগুলোর অনলাইন ভিত্তিক প্রচারণার দিকে গোয়েন্দা সংস্থাগুলোর নজরদারি আরও বৃদ্ধি করা হবে বলে তিনি জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

৩। **মোবাইল ব্যাংকিং-এ শিক্ষাবৃত্তির টাকা বিতরণ কর্মসূচির উদ্বোধন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তার সরকার দারিদ্র্যবিমোচনের লক্ষ্যে দেশকে একটি শিক্ষিত জাতি হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছে। প্রধানমন্ত্রী গতকাল **১** মার্চ বুধবার গণভবনে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাবৃত্তির টাকা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে বিতরণে রূপালী ব্যাংকের 'শিওর ক্যাশ' কর্মসূচি উদ্বোধন করে এ কথা বলেন। তিনি গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কর্মসূচির উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (পৃ.৭,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.১)।

৪। **পাঁচ জেলায় সৌর বিদ্যুৎকেন্দ্র স্থাপনসহ ১১ ক্রয় প্রস্তাব অনুমোদন**

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ৫ জেলায় ২৫৮ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন নতুন চারটি সৌর বিদ্যুৎকেন্দ্র স্থাপনসহ মোট **১১**টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল **১** মার্চ বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে বৈঠকে ক্রয় প্রস্তাবটির অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.২)।

৫। **হংকংয়ের ভিসা জটিলতা দূর করার আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

বিনিয়োগের স্বার্থে ব্যবসায়ীদের ভিসা জটিলতা দূর করার আহবান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফয়েল আহমেদ। তিনি বলেন, বাংলাদেশি পর্যটক ও ব্যবসায়ীদের হংকং যেতে ভিসা সংক্রান্ত জটিলতা রয়েছে। ভসা ও বাণিজ্য সমস্যা দূর হলে হংকংয়ের বাজারে বাংলাদেশের পণ্য রফতানি বাড়বে। বাংলাদেশে বিনিয়োগ করলে হংকং ও চীনের ব্যবসায়ীরা লাভবান হবেন। বাণিজ্যমন্ত্রী গতকাল **১** মার্চ বুধবার হংকংয়ের সেক্রেটারি অব কমার্স অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট গ্রিগরি সো কামলিয়াংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **নিউ নেশন** (পৃ.৭,ক.৪)।

৬। **ডিজিটাল স্বাস্থ্যসেবা নেটওয়ার্কের আওতায় সারাদেশ : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য সেক্টরের উন্নয়নের ধারায় ঊর্ধ্বগতি রয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, এই সেক্টরের বহুমুখী উন্নয়ন কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে চলেছে। দেশের সর্বত্র বিস্তার লাভ করেছে ডিজিটাল স্বাস্থ্যসেবার নেটওয়ার্ক। জনবল বৃদ্ধি, অবকাঠামোর উন্নয়ন, মাতৃ ও শিশু মৃত্যু হ্রাস, ওষুধের সরবরাহ বৃদ্ধি,

কমিউনিটি ক্লিনিক চালু, স্বাস্থ্য খাতে ডিজিটাল বাংলাদেশ কার্যক্রম ইত্যাদি উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করে সরকার। দেশের ৯৯ ভাগ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে রয়েছে প্রাথমিক স্বাস্থ্য পরিসেবার ব্যবস্থা। বর্তমানে প্রতি মাসে ৮০ থেকে ৯০ লাখ মানুষ কমিউনিটি ক্লিনিক থেকে সেবা নেন। দেশে অনূর্ধ্ব **১২** মাস বয়সের শিশুদের সকল টিকা প্রাপ্তির হার ৮**১** ভাগ। পোলিও এবং ধনুষ্টঙ্কারমুক্ত হয়েছে দেশ। গতকাল **১** মার্চ



বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাস্থ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরাম (বিএইচআরএফ) আয়োজিত স্বাস্থ্য সেক্টরের ওপর 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** (পৃ.৫,ক.**১**), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৭। ধর্মঘট চলাকালে ভাঙচুরের ঘটনায় মামলা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন, পরিবহণ শ্রমিকদের ডাকা ধর্মঘট ছিল অযৌক্তিক। তাদের আইনি প্রক্রিয়ায় যাওয়ার সুযোগ ছিল, কিন্তু তারা তা করেননি। ধর্মঘটের নামে তারা জনদুর্ভোগ তৈরি করেন। এ ছাড়াও যেসব পরিবহণ শ্রমিক গাবতলীতে পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়ানোসহ ভাঙচুর করেছেন তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। বিভিন্ন অভিযান ও দুর্ঘটনায় নিহত পুলিশ সদস্যদের সম্মানে প্রথমবারের মতো উদ্‌যাপিত হওয়া 'পুলিশ মেমোরিয়াল ডে' অনুষ্ঠান শেষে তিনি এসব কথা বলেন। গতকাল **১** মার্চ বুধবার মিরপুরের পুলিশ স্টাফ কলেজে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক **১**), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.**১**), **সমকাল** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২)।

**৮। স্বাস্থ্য ও চিকিৎসা বিষয়ক তিন অ্যাপ উদ্বোধন**

ঘরে বসে চিকিৎসকের অ্যাপয়েন্টমেন্ট ও প্রেসক্রিপশনসহ সব ধরনের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট এবং চিকিৎসকের পরামর্শ পাওয়ার সুবিধা নিয়ে যাত্রা শুরু হলো স্বাস্থ্য ও চিকিৎসাবিষয়ক অ্যাপ বিডিইএমআর (বাংলাদেশ ইলেকট্রনিক মেডিকেল রের্কড)। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু গতকাল **১** মার্চ বুধবার রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে রোগী, চিকিৎসক, স্বাস্থ্য খাতের সব পেশার মানুষের ব্যবহারের জন্য তিনটি অ্যাপ ও ওয়েব সার্ভিসের উদ্বোধন করেন। অ্যাপটি তৈরি করেছেন কানাডার প্রবাসী বাংলাদেশি চিকিৎসক অসিত বর্ধন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.**১**)।

**৯। ঢাকা-মস্কোর মধ্যে আন্তঃসরকার কমিশন গঠনে চুক্তি স্বাক্ষর**

বাণিজ্যিক, অর্থনৈতিক, বৈজ্ঞানিক ও কারিগরি বিষয়ে সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে ঢাকা-মস্কোর মধ্যে আন্তঃসরকার কমিশন গঠনের লক্ষ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল **১** মার্চ বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে এ বিষয়ে দুই দেশের মধ্যে এই চুক্তি স্বাক্ষর হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **প্রথম আলো** (পৃ.**১**৬,ক.**১**), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

**১০। দ্বিতীয় সাবমেরিন কেবল সংযোগের উদ্বোধন ১৫ মার্চের মধ্যে**

দেশে দ্বিতীয় সাবমেরিন ক্যাবল সংযোগের আনুষ্ঠানিক উদ্বোধন আগামী **১৫** মার্চের মধ্যে হতে চলেছে। উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল **১** মার্চ বুধবার ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম কুয়াকাটায় স্থাপিত সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন পরিদর্শনকালে একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.**১**), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

**১১। ধর্মঘট কেন বেআইনি নয় জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি**

আদালতের রায় ও আদেশের বিরুদ্ধে ধর্মঘট ডাকা কেন বেআইনি ও অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একই সঙ্গে সারাদেশে যান চলাচল স্বাভাবিক করতে ২৪ ঘন্টার মধ্যে পদক্ষেপ নিতে সরকারকে নির্দেশ দিয়েছেন আদালত। গতকাল **১** মার্চ বুধবার বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও

বিচারপতি মো.আতাউর রহমান খানের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫)**, সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**১২। ৩৮তম বিসিএস থেকে বাংলা ও ইংরেজিতে প্রশ্নপত্র প্রণয়ন**

আসন্ন ৩৮তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা থেকে বাংলার পাশাপাশি ইংরেজিতেও প্রশ্নপত্র প্রণয়ন করতে যাচ্ছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। চলতি বছরের আগস্টে ৩৮তম বিসিএসের সার্কুলার জারির সম্ভাবনা রয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি মঙ্গলবার বঙ্গভবনে ১৩ সদস্যর পিএসসি প্রতিনিধি দল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে আগামীতে বাংলা ও ইংরেজিতে প্রশ্ন প্রণয়নের পরিকল্পনা তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ এজ :** পরিবহণ ধর্মঘট প্রত্যাহারে জনমনে স্বস্তি ফিরে আসার বিষয় তুলে ধরে ভবিষ্যতে দাবি আদায়ের জন্য জনগণকে আর জিম্মি না করে পরিবহণ শ্রমিকদের আইনের আশ্রয় নেওয়াসহ সংশ্লিষ্ট সকল পক্ষের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে সংকট সমাধানের উদ্যোগ নেওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** সারা দেশের অদিবাসীদের উপর নির্যাতন ও তাদের ভূমির জবরদখল বেড়ে যাওয়ায় ভূমি বিরোধের অবসানে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** শুধু পোশাক শিল্পের ওপর নির্ভর না করে অন্যান্য পণ্য সামগ্রীরও বিদেশে বাজার তৈরি করার পাশাপাশি সুনির্দিষ্ট বাজারের পরিবর্তে ব্যবসায়ীদেরকে নতুন নতুন বাজার খুঁজে বের করার আহ্বান।

ঘ. **প্রথম আলো :** মৎস্য ভবন-নটরডেম কালভার্ট রোডের ময়লা আবর্জনা অবিলম্বে পরিষ্কার করে অবৈধ দোকানপাট উচ্ছেদ করে সড়কটি চলাচলের উপযোগী করে রাখার ব্যবস্থা করার প্রত্যাশা।

ঙ. **সমকাল :** আত্মসমর্পণকারী সাবেক দস্যুদের পুনর্বাসনে ড্রাইভিং, ওয়েলডিংসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থানে সরকারের নেওয়া উদ্যোগের বিষয় তুলে ধরে সরকারের পাশাপাশি স্থানীয় জনপ্রতিনিধি ও উন্নয়ন সংস্থাগুলোকে এ পুনর্বাসন কাজে এগিয়ে আসার আহ্বান।

চ. **যুগান্তর, প্রথম আলো, ডেইলি সান :** জাপান নাগরিক হোশি কুনিও হত্যা মামলার রায় বিদেশিদের আস্থা অর্জনে বড় ভূমিকা রাখবে বলে অভিমত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের উন্নয়ন ও অগ্রগতির পথের মূল প্রতিবন্ধক দুর্নীতিকে প্রতিরোধ করতে তৃণমূল থেকে সর্বোচ্চ পর্যায় পর্যন্ত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউজ টুডে :** শিশু খাদ্য গুড়ো দুধের প্রতি ক্যানের মূল্য ১০০ থেকে ১৫০ টাকা বেড়ে যাওয়ায় প্রশাসনকে দ্রুত এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** অপুষ্টির কারণে দেশে ২৩ শতাংশ নবজাতক স্বাভাবিকের চেয়ে কম ওজন নিয়ে জন্ম গ্রহণ করার বিষয় তুলে ধরে শিশুদের অপুষ্টি দূর করতে জরুরি ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **ডেইলি স্টার :** সীতাকুণ্ড ভূমি অফিসের এসি ল্যাণ্ড মধ্যস্বত্বভোগীদের ভূমি অফিস থেকে বিতাড়িত করতে যে প্রশংসনীয় উদ্যোগ নিয়েছেন তা তুলে ধরে অন্য ভূমি অফিসেও এ ধরণের উদ্যোগ নেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে সন্ত্রাসীরা সন্ত্রাসী হিসেবে থাকলে তাদের মোকাবেলা করা যায় কিন্তু তারা নিবন্ধিত রাজনৈতিক দল হিসেবে সন্ত্রাসী কর্মকান্ড করলে তাদের মোকবেলা করা কঠিন বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'রাজধানীতে হকার ব্যবস্থাপনা'** শিরোনামের নিবন্ধে সৈয়দ মাহবুবুল আলম বলেন, সার্বিক বিবেচনায় হকাররা সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গুরুত্বপর্ণ ভূমিকা রাখছে। তাই তাদের উচ্ছেদ না করে সুশৃঙ্খলভাবে কাজের সুযোগ সৃষ্টি করা হলে তা হবে উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের একটি প্রকৃত উদাহরণ বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা